# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 06-04-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যজুড়ে আজ যথোচিত মর্যাদায় রামনবমী পালিত হচ্ছে। বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের উদ্যোগে রামনবমীর মিছিলকে কেন্দ্র করে এখনও কোন অপ্রীতিকর ঘটনার খবর নেই।

২) চাকরি হারানো শিক্ষক ও শিক্ষা কর্মীদের সঙ্গে রাজ্য সরকার আগামীকাল বৈঠকে বসতে চলেছে।

৩) গত অর্থ বছরে এরাজ্যে জি এস টি বাবদ জাতীয় হার থেকে বেশি অর্থ আয় হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৪) সি পি আই এম-এর নতুন সাধারণ সম্পাদক হয়েছেন এম এ বেবী ।

৫) আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের প্রতিটি জেলাতেই বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

রাজ্যজুড়ে আজ যথোচিত মর্যাদায় রামনবমী পালিত হচ্ছে। রামনবমীর মিছিলকে কেন্দ্র করে কোনো জায়গা থেকেই এখনও পর্যন্ত কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। কলকাতা সহ জেলাগুলিতে একাধিক সংগঠনের পক্ষ থেকে শোভাযাত্রা ও মিছিলের আয়োজন করা হয়।

মধ্য কলকাতার গিরিশ পার্কে রাম মন্দিরে সকাল থেকে চলছে পূজার্চনা।

হাওড়ায় শিবপুর IIEST মেন গেটের সামনে থেকে বিকেলে বিশ্ব হিন্দু পরিষদের শোভাযাত্রা শুরু হয়ে ব্যাতাইতলা, শিবপুর বাজার, ট্রামডিপো, মল্লিক ফটক হয়ে রামকৃষ্ণপুর ঘাটে এসে শেষ হয়। কোনোরকম অপ্রীতিকর ঘটনা রুখতে পুলিশের তরফে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়। ড্রোন দিয়ে চলে নজরদারি।

এদিকে, অঞ্জনিপুত্র সেনার পক্ষ থেকে আয়োজিত শোভাযাত্রা হাওড়ার কাজীপাড়ার নরসিংহ মন্দির থেকে জিটি রোড হয়ে ময়দানে এসে শেষ হয়। মিছিলে অংশ নেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। নিরাপত্তার কথা মাথায় রেখে মোতায়েন করা হয় প্রচুর পুলিশ ও র‍্যাফ।

উত্তর ২৪ পরগনার নিউ টাউনে বাইক মিছিল করেন বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়। যোগ দেন রাজ্য সভার সাংসদ শমীক ভট্টাচার্য, প্রাক্তন সাংসদ অর্জুন সিং। বারাসাতে রামনবমীর মিছিলে যোগ দেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ও অভিনেতা মিঠুন চক্রবর্তী। সুকান্ত মজুমদার বলেন, ২০২৬ এ বাংলায় রামরাজ্য প্রতিষ্ঠা হবে। মুখ্যমন্ত্রী বৈষম্যমূলক আচরণ করছেন বলে অভিযোগ করেন তিনি। মিছিল ময়না চেক পোস্টে শুরু হয়ে, কাছারি ময়দানে গিয়ে শেষ হয়।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মেদিনীপুরে বিভিন্ন সংগঠনের উদ্যোগে একাধিক শোভা যাত্রায় অংশ নেন।

মালদায় রাম নবমী উদযাপন সমিতির উদ্যোগে রামকৃষ্ণপল্লীর ময়দান থেকে বর্ণাঢ্য শোভাযাত্রায় পা মেলান সাংসদ খগেন মুর্মু, বিজেপি বিধায়ক গোপাল চন্দ্র সাহা সহ অন্যরা।

বাঁকুড়ার বিষ্ণুপুরে বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ রামনবমীর শোভাযাত্রায় অংশ নিয়ে রামভক্তদের সঙ্গে লাঠিও খেলেন।

পুরুলিয়ার হুড়ায় অনুষ্ঠিত হয় মহিলাদের কলস যাত্রা। শহরের গোশালা থেকে রামচন্দ্রের ছবি এবং মূর্তি নিয়ে বিরাট শোভাযাত্রা পথ পরিক্রমা করে।

মুর্শিদাবাদের বহরমপুরে হিন্দু জাগরন মঞ্চ, বজরং দল, বিশ্ব হিন্দু পরিষদ, শিবাজী ওয়েলফেয়ার ট্রাস্ট সহ বিভিন্ন সংগঠন শোভাযাত্রার আয়োজন করে।

শিলিগুড়ির হিলকার্ট রোডের মসজিদের সামনে রামনবমীর শোভাযাত্রা পৌছাতেই পুষ্প বর্ষন করে বরন করে নেন মুসলমান সম্প্রদায়ের যুবকরা। শোভাযাত্রায় অংশগ্রহণকারীদের জল পান করান তারা।

নদীয়ার কৃষ্ণগঞ্জের শিবনিবাসে রামসীতা মন্দিরে এদিন বিশেষ পুজো পাঠ অনুষ্ঠিত হয়। নকাশিপাড়া, শান্তিপুর, রানাঘাট,কল্যাণী সহ বিভিন্ন স্থানে মিছিল বের হয়।

রামনবমী উদযাপন কমিটির উদ্যোগে বর্ধমান শহরের কার্জন গেট চত্বরে রামলালার মূর্তি বসিয়ে পূজার্চনা হয়।

এদিকে, রাম নবমী উপলক্ষ্যে মধ্য কলকাতায় একটি মিছিলে অংশ নেন তৃণমূল কংগ্রেসের নেতা কর্মীরা। ঠনঠনিয়া কালীবাড়ি থেকে মিছিল শুরু হয়ে শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে এসে শেষ হয়। মিছিলে হাঁটতে দেখা যায় হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের মানুষকে। পা মেলান তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ। এদিনের মিছিলে অবশ্য কোনও দলীয় পতাকা দেখা যায়নি।

অন্যদিকে, রামনবমী উপলক্ষে আজ কলকাতায় শান্তি পদযাত্রা করে প্রদেশ কংগ্রেস। উত্তর কলকাতার বাগবাজার বলরাম মন্দির থেকে শিমলা স্ট্রীটে স্বামীজীর বাড়ি পর্যন্ত পদযাত্রায় অংশ নেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, দলের নেতা অমিতাভ চক্রবর্তী সহ অন্যান্য নেতৃত্ব।

রামনবমী নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট - অভিরূপ)

oooooooooooooooo

অন্যদিকে, রামনবমীর মিছিলে পুরুলিয়ার বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো

অস্ত্র নিয়ে হাঁটায় বিতর্ক তৈরি হয়েছে। তৃণমূল কংগ্রেস জেলা সভাপতি সৌমেন

বেলথরিয়ার অভিযোগ, আদালতের রায়কে অমান্য করেছেন সাংসদ। যদিও সাংসদের দাবি, দুষ্টের দমন এবং মানুষকে রক্ষার বার্তা দিতেই প্রতীকী অস্ত্র নিয়ে হেঁটেছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০

বর্ধমানের কার্জন গেট এলাকাতেও রামনবমীর মিছিলে বিজেপি নেতার হাতে অস্ত্র দেখা যায়। পুলিশ সেই অস্ত্র কাড়তে গেলে দুপক্ষের ধস্তাধস্তি বাধে।

০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানো শিক্ষক,শিক্ষিকা এবং শিক্ষা কর্মীদের সঙ্গে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। উদ্ভূত পরিস্থিতিতে কি পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে আগামীকাল কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে দুপুর সাড়ে বারোটা নাগাদ প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য চাকরি হারানো শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীদের আমন্ত্রণ জানানো হয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থ, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, শিক্ষা সচিব ছাড়াও রাজ্য সরকারের অন্যান্য আধিকারিকরা বৈঠকে উপস্থিত থাকবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

তাঁদের বাঁচানোর জন্য রাজ্য সরকার সহ সব রাজনৈতিক দলকে রাস্তা বের করতে হবে বলে দাবি করেছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারাদের একাংশ। আজ শহীদ মিনার চত্বরে সাংবাদিক বৈঠক করে তাঁরা সুপ্রিম কোর্টের রায় ও বিচার প্রক্রিয়া নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। সেই সঙ্গে এই পরিণতির দায় রাজ্য সরকারের ওপরেও চাপিয়েছেন তাঁরা। চাকরিহারা শিক্ষকদের তরফে মেহবুব মন্ডল বলেন, আগামীকাল মুখ্যমন্ত্রীর ডাকা বৈঠকে তাঁরা যাবেন। যোগ্য ও অযোগ্যদের আলাদা করতে সমস্ত নথিপত্র যাচাই ও ফের তদন্তের দাবি জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার গত অর্থবছরে পণ্য পরিষেবা কর বাবদ ৪ হাজার ৮০৮ কোটি টাকা আয় করেছে। আগের অর্থবর্ষের তুলনায় যা অনেকটাই বেশি এবং জাতীয় স্তর ৯.৪৪ শতাংশ থেকে এই হার ২ শতাংশ বেশি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক্স হ্যান্ডেল এ জানিয়েছেন। এই আয় রাজ্যের অর্থনৈতিক অবস্থাকে আরও শক্তিশালী করবে বলে তিনি মন্তব্য করেন। এছাড়াও গত বছরে ৬০ হাজার ডিড নথিভুক্ত হওয়ায় রেজিস্ট্রেশন ও স্ট্যাম্প ডিউটি বাবদ রাজ্যের এক হাজার ১৯৮ কোটি টাকা আয় হয়েছে। যা ২০২৩-২৪ অর্থবছরের তুলনায় ৩১.৫% বেশি। আত্ম নির্ভরতা ও আর্থিক শৃঙ্খলার দিকে রাজ্য অনেকটাই এগিয়ে গিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মাদুরাইতে সি পি আই এম-এর ২৪-তম পার্টি কংগ্রেসে দলের নতুন সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন এম এ বেবী। ৮৫ সদস্যের কেন্দ্রীয় কমিটির পাশাপাশি ১৮ সদস্যের পলিটব্যুরো নির্বাচিত হয়েছে। কেন্দ্রীয় কমিটিতে এরাজ্য থেকে পাঁচজন - মীনাক্ষী মুখার্জী, কণিনিকা ঘোষ, দেবব্রত ঘোষ, সৈয়দ হোসেন ও সমন পাঠক নব নির্বাচিত হয়েছেন।

কমিটিতে মহিলা সদস্য সংখ্যা ১৭ শতাংশ থেকে বাড়িয়ে ২০ শতাংশ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোভিন্দ আজ উত্তর ২৪ পরগনার আগরপাড়ায় রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, ব্যারাকপুরের গোল্ডেন জুবিলী ভবনের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে প্রাক্তন রাষ্ট্রপতি বলেন, রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন স্বামী বিবেকানন্দের আদর্শে নিস্বার্থভাবে দুস্থ, আর্ত মানুষদের সেবায় কাজ করে চলেছে। বিধানসভায় পাশ হওয়া রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন বিশ্ববিদ্যালয় বিল অনুমোদনের জন্য রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে আবেদন জানাবেন বলেও প্রাক্তন রাষ্ট্রপতি জানান।

(বাইট-কোভিন্দ)

রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের সম্পাদক স্বামী নিত্যরূপানন্দ বলেন, স্বামী নিত্যানন্দের স্বপ্নকে এগিয়ে নিয়ে যেতেই তাঁরা কাজ করেছেন।

(বাইট-মহারাজ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ পূর্ব বঙ্গোপসাগরে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে যার ফলে আগামী ৪৮ ঘণ্টায় একটি নিম্নচাপ তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের প্রতিটি জেলাতেই বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। পশ্চিমের জেলাগুলিতে রয়েছে শিলাবৃষ্টির সম্ভাবনাও। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা সোমনাথ দত্ত জানিয়েছেন, সারা সপ্তাহ জুড়েই বিভিন্ন জেলায় বৃষ্টি হবে। কালবৈশাখীর সম্ভাবনাও রয়েছে বেশ কিছু জায়গায়।

(বাইট – সোমানাথ দত্ত)

আজ সন্ধে নাগাদ পূর্ব বর্ধমান, বীরভূম এবং উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইটের বিষয় টিবি মুক্ত ভারত। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের সিনিয়র মেডিকেল অফিসার ডাক্তার স্বপ্না মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শোনা যাবে সঞ্চয়িতা প্রচারতরঙ্গে আজ রাত সাড়ে আটটায়।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০